

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী
www.nilphamari.gov.bd
জুডিশিয়াল মুন্সিখানা শাখা

নম্বর: ০৫.৪৭.৭৩০০.০০০.০১০.৩৯.০০০১.২৫.৩৪৭

তারিখ: ৩০ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
১৩ এপ্রিল ২০২৬ খ্রিস্টাব্দ


গণবিজ্ঞপ্তি

বিষয়: জ্বালানি তেলের যথাযথভাবে সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে ফুয়েল কার্ড এর গণবিজ্ঞপ্তি।

নীলফামারী জেলার সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বর্তমান বৈশ্বিক পরিস্থিতিতে জ্বালানি তেলের যথাযথভাবে সরবরাহ ও বিতরণ নিশ্চিতকল্পে মোটরযান (মোটরসাইকেল/গ্রাইভেট কার/মাইক্রো) মালিকগণ কর্তৃক ফিলিং স্টেশন হতে জ্বালানি (পেট্রোল ও অকটেন) সংগ্রহের উদ্দেশ্যে নির্ধারিত ফুয়েল কার্ড সংগ্রহ করা আবশ্যিক। ফুয়েল কার্ড সংশ্লিষ্ট জেলা প্রশাসনের ওয়েবসাইট/উপজেলা প্রশাসনের ওয়েবসাইট/জেলা ও উপজেলা প্রশাসনের ফেসবুক পেইজ হতে ডাউনলোড করে সংগ্রহ করতে হবে। ডাউনলোডকৃত ফুয়েল কার্ডের ফরম যথাযথভাবে পূরণ করে নিম্নবর্ণিত কাগজপত্রাদিসহ সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদনপত্র দাখিল করতে হবে। আবেদন যাচাইঅন্তে কাগজাদি সঠিক পাওয়া গেলে ফুয়েল কার্ড প্রদান করা হবে। আবেদনের সাথে যেসকল কাগজাদি দাখিল করতে হবে:

০১. জাতীয় পরিচয়পত্রের ফটোকপি
০২. মোটরযানের (মোটরসাইকেল/গ্রাইভেট কার/মাইক্রো) রেজিস্ট্রেশনের ফটোকপি ও ট্যাক্স টোকেন এর ফটোকপি
০৩. ড্রাইভিং লাইসেন্সের ফটোকপি
০৪. আবেদনকারীর পাসপোর্ট সাইজের ছবি- ০২ কপি
০৫. অন্য জেলার জাতীয় পরিচয়পত্রধারীগণ এই জেলায় অবস্থানপূর্বক কর্মরত হলে প্রতিষ্ঠান প্রধানের প্রত্যয়নপত্র

উল্লেখ্য যে, আগামী ১৫/০৪/২০২৬ তারিখ হতে (সরকারি ছুটির দিন ব্যতীত) সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে আবেদন দাখিল করতে হবে এবং আগামী ২৩/০৪/২০২৬ তারিখ হতে ফুয়েল কার্ড ব্যতীত কেউ পেট্রোল/অকটেন ক্রয় করতে পারবেন না। এ সংক্রান্ত অন্যান্য শর্তাবলি ফুয়েল কার্ডে উল্লেখ থাকবে।


১৩-০৪-২০২৬
মোহাম্মদ নায়িরুজ্জামান
জেলা ম্যাজিস্ট্রেট

বিতরণ: জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে ও কার্যার্থে:

- ১। পুলিশ সুপার, নীলফামারী।
- ২। অধিনায়ক, বাংলাদেশ সেনাবাহিনী, নীলফামারী।
- ৩। অধিনায়ক, ৫১ বিজিবি, রংপুর।
- ৪। অধিনায়ক, ৫৬ বিজিবি, দারোয়ানি, নীলফামারী।
- ৫। প্রশাসক, নীলফামারী পৌরসভা/সৈয়দপুর/জলঢাকা/ডোমার, নীলফামারী (তঁাকে জরুরিভিত্তিতে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ৬। যুগ্মপরিচালক, এন এস আই, নীলফামারী।
- ৭। উপজেলা নির্বাহী অফিসার (সকল), নীলফামারী।
- ৮। নেজারত ডেপুটি কালেক্টর, নেজারত শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, নীলফামারী।
- ৯। জেলা তথ্য অফিসার, নীলফামারী (তঁাকে জরুরিভিত্তিতে গণবিজ্ঞপ্তিটি বহুল প্রচারের জন্য অনুরোধ করা হলো)।
- ১০। সহকারী পরিচালক, বিআরটিএ, নীলফামারী এবং
- ১১। সহকারী প্রোগ্রামার, নীলফামারী (তঁাকে গণবিজ্ঞপ্তিটি ওয়েব পোর্টালে প্রকাশের অনুরোধ করা হল)।